দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 NOV 1998 ...
পৃষ্ঠা: ৩ কলাম ৭

# বিশ্বসাহিত্য কেন্দ্রে কলেজ বিভাগের বই পড়া কর্মসূচী

**প্রেস বিজ্ঞপ্তি ঃ**
ঢাকা মহানগরীর একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য বিশ্বসাহিত্য কেন্দ্রের 'বই পড়া কর্মসূচী-'৯৮'তে সদস্য সংগ্রহ অভিযান শুরু হয়েছে। আগ্রহী ছাত্র-ছাত্রীদেরকে ১ কপি ছবি, কলেজের পরিচয়পত্র বা বেতনের রসিদ বই নিয়ে বাংলামোটরে অবস্থিত বিশ্বসাহিত্য কেন্দ্রে আগামী ১৩ নভেম্বরের মধ্যে দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত যোগাযোগ করতে বলা হয়েছে। কর্মসূচীতে অন্তর্ভুক্তির জন্য ১০ টাকা ভর্তি ফি এবং ফেরতযোগ্য ৪০ টাকা নিরাপত্তা জামানতের প্রয়োজন হবে।

উল্লেখ্য, ১৮ সপ্তাহ মেয়াদকালের এ প্রতিযোগিতাপূর্ণ বই পড়া কর্মসূচীতে অংশগ্রহণকারীদের দেশ-বিদেশের খ্যাতনামা লেখকদের লেখা রুচিশীল চিত্তাকর্ষক ও উন্নতমানের ১১টি গল্প-উপন্যাস-জীবনীসহ বাছাইকৃত অন্যান্য বই পড়তে হবে। এ বইগুলো পড়া শেষে একটি মূল্যায়ন পর্বের মাধ্যমে প্রথম থেকে দশম স্থান অধিকারী প্রত্যেককে সনদপত্রসহ এক হাজার টাকার বই পুরস্কার দেয়া হবে। একাদশতম থেকে ৪০তম স্থান অধিকারী প্রত্যেককে সনদপত্রসহ পুরস্কার দেয়া হবে পাঁচশ' টাকার বই। ৪১তম থেকে ৭০তম স্থান অধিকারীদের প্রত্যেককে সনদপত্রসহ ২শ' টাকার বই পুরস্কার হিসেবে দেয়া হবে। এছাড়া আরও ৩০জনকে সনদপত্রসহ দেয়া হবে আকর্ষণীয় পুরস্কার। প্রতি শুক্রবারে বই দেয়া-নেয়া কর্মসূচী চলবে।

বইপড়া কর্মসূচীর পাশাপাশি বিশ্বসাহিত্য কেন্দ্রে অংশগ্রহণকারী সবার জন্য নিয়মিত সুস্থ ও উন্নতমানের চলচ্চিত্র এবং ভিডিও প্রদর্শনীর ব্যবস্থা আছে। কেন্দ্রের সংগীত লাইব্রেরীতে পৃথিবীর সেরা সংগীত শোনারও ব্যবস্থা রয়েছে। এছাড়া ২ লক্ষ গ্রন্থ সংখ্যার বিশাল লাইব্রেরী ও ক্যাফেটেরিয়া তো রয়েছেই। কলেজ কর্মসূচীতে অংশগ্রহণকারীরা কেন্দ্র প্রকাশিত মূল্যবান বইগুলো ৩০% কমিশনে কেনার সুযোগ পাবে। প্রতি সপ্তাহে কেন্দ্র মিলনায়তনে বিশ্বসাহিত্য কেন্দ্রের নিজস্ব অনুষ্ঠান ছাড়াও প্রতিদিন বিকেলে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে নানা অনুষ্ঠান হয়ে থাকে। যে কেউ এসব অনুষ্ঠান উপভোগ করতে পারে।